লাল বলের ক্রিকেট

শুক্রবার থেকে শুরু একমাত্র টেস্ট। তার আগে ট্রফির সঙ্গে দুই অধিনায়ক– আফগানিস্তানের আসগর আফগান ও আয়ারল্যান্ডের উইলিয়াম পোর্টারফিল্ড।

মরগ্যানদের স্মার্ট ক্রিকেটের পরামর্শ

ভনের বাজি ভারত, ইংল্যান্ড

লন্ডন, ১৩ মার্চ ঃ মাঝারিমানের দল থেকে একেবারে বিশ্বের একনম্বর। ইয়োন মরগ্যানের ছোঁয়ায় যেন বদলে গিয়েছে ইংল্যান্ড ক্রিকেট দল।এ বছর দেশের মাটিতে তারা যে বিশ্বকাপ জেতার অন্যতম দাবিদার তা নিয়ে দ্বিমত নেই বিশেষজ্ঞদের। প্রাক্তন জাতীয় ক্রিকেটার ও অধিনায়ক মাইকেল ভন দলের ধারাবাহিকতার পিছনে যাবতীয় কৃতিত্ব দিচ্ছেন অধিনায়ক মরগ্যানকে। একইসঙ্গে স্মার্ট ক্রিকেট খেলার পরামর্শ দিয়েছেন তিনি। ২০১৫ সালে গ্রুপ পর্যায় থেকেই বিদায় নিয়েছিল ইংল্যান্ড। তাই এবার সতর্কবার্তাও দিচ্ছেন ভন। তিনি বলেন, 'গত বিশ্বকাপে ভুল দল নির্বাচন ডুবিয়েছিল। এবার মরগ্যান খুব সুন্দর দলটাকে গুছিয়েছে। ধারাবাহিকভাবে ভালো খেলছে বলেই ওরা এখন শীর্ষে। তবে, ভয়ডরহীন ক্রিকেট খেলতে গিয়ে অনেকসময় বিপদ ডেকে আনছে ব্যাটসম্যানরা। কিছুদিন আগে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধেও একই ঘটনা ঘটেছে।বেশি আক্রমণাত্মক হতে গিয়ে দেখা যাচ্ছে ভরাডুবি হচ্ছে,তাই হিসেব কষে ক্রিকেট খেলার উপরে জোর দিতে হবে, তাতে কাপ জয়ের সম্ভাবনা আরও বাড়বে।' বিশ্বকাপে বিরাট কোহলির ভারতও হট ফেভারিট। অস্ট্রেলিয়ার ওয়ান ডে দলটাও অনেক গোছানো। স্টিভ স্মিথ এবং ডেভিড ওয়ার্নার নির্বাসন শেষে দলে ফিরলে তাদেরও হিসেবের মধ্যে রাখতে হবে বলে মরগ্যানকে পরামর্শ দিয়েছেন ভন। তাঁর কথায়, 'কোনো দলকেই হালকাভাবে নেওয়া চলবে না। ঘরের মাঠে খেলা হলে কত সুবিধা তা গত কয়েকটা বিশ্বকাপে দেখেছি। ভারত, অস্ট্রেলিয়া ঘরের মাঠে কাপ জিতেছে। ইংল্যান্ড এবার সেই সুবিধাটা পাবে। তবে, দেশবাসীর প্রত্যাশার চাপও কম থাকবে না। পিচ এবং আবহাওয়া সম্পর্কে ধারণা থাকার পাশাপাশি ধারাবাহিকতায় মরগ্যানরা বাকিদের থেকে একটু এগিয়ে থেকেই কাপ অভিযান শুরু করবে। তবে, ভারতও হট ফেভারিট।'

ঘূর্ণি পিচে ১৬২ রানের ইনিংস

অশ্বীনের ফোনে ক্লাব ক্রিকেটে পূজারা

চেন্নাই, ১৩ মার্চ ঃ দায়বদ্ধতা কাকে বলে দেখালেন চেতেশ্বর পূজারা।জাতীয় দলে সতীর্থ রবিচন্দ্রন অশ্বীনের একটা ফোন কলেই তামিলনাড়ুর প্রথম ডিভিশন লিগের ম্যাচ খেলতে হাজিরচেতেশ্বর পূজারা। ঘূর্ণি পিচে স্পিনারদের চার–ছক্কা হাঁকিয়ে অশ্বীনের ক্লাব এমআরসি 'এ'–র হয়ে ১৬২ রানের ইনিংস খেললেন তিনি। বুঝিয়ে দিলেন, জাতীয় দল হোক বা ক্লাব ক্রিকেট–তাঁর দায়বদ্ধতা একই থাকে।দিনের শেষে ঘটনাটা খোলসা করেন পূজারাই। বলেন, অশ্বীন ফোন করে বলেছিল ওর ক্লাবের একটা গুরুত্বপূর্ণ ম্যাচ আছে, খেলতে হবে। আমিও ভাবছিলাম সুযোগ পেলে কোথাও একটুম্যাচ প্রাকটিস করব, তাই রাজি হয়ে যাই।' ২০১৮ এবং ২০১৯ সালের শুরুটা দুর্দান্ত কেটেছে পূজারার। বিদেশের মাঠে একাধিক ম্যাচ জেতানো ইনিংস খেলেছেন। তারপরেও কেন ক্লাব ক্রিকেটে নামলেন এই প্রশ্নের উত্তরে সবাইকে অবাক করে দেন পূজারা। ভারতীয় ক্রিকেটের নতুন ওয়াল বলেন, 'সৌরাষ্ট্রের কয়েকজন সতীর্থর কাছে শুনেছি তামিলনাড়ু লিগে দুর্দান্ত কিছু স্পিনার খেলে। ঘূর্ণি পিচে তাদের মোকাবিলা করে স্কিল ঝালিয়ে নেওয়াটাও এখানে খেলতে আসার একটা কারণ।' অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ডে তিন নম্বরে নেমে তাক লাগানো ইনিংস খেলেছেন পূজারা। তাঁকে এখন রাহুল দ্রাবিড়ের সঙ্গে তুলনা করা হচ্ছে। তা নিয়ে অবশ্য বিন্দুমাত্র চাপ নিচ্ছেন না পূজারা। তাঁর জবাব, 'যখন আমি কেরিয়ার শুরু করি তখন রাহুল দ্রাবিড়ের টেস্টে দশ হাজার রান করা হয়ে গিয়েছে। উনিও আমার প্রসঙ্গে বলেছিলেন, রাহুল দ্রাবিড় হওয়ার চেয়ে ওকে প্রথম চেতেশ্বর পূজারা হতে দাও। তাই কোনো চাপ নেই। আমি আমার মতো খেলে যাব।'

টেস্টেও এবার ফ্রি হিট

লন্ডন, ১৩ মার্চ ঃ টেস্ট ক্রিকেটে ক্রমাগত বাড়ছে স্লো–ওভাররেটের একাধিক ঘটনা। গত বছরের মে থেকে যতগুলো স্লো–ওভাররেটের ঘটনা টেস্টে ঘটেছে, সেটা গত ১১ বছরে দেখা যায়নি। অভিযুক্ত অধিনায়কদের শাস্তি দেওয়ার পরও পরিস্থিতির খুব একটা বদল না হওয়াতে নিয়ম বদলের উদ্যোগ নেওয়া হয়েছে। সময় ব্যয় রুখে টেস্ট ক্রিকেটকে আরও আকর্ষণীয় করে তুলতে মেরিলিবোর্ন ক্রিকেট কাউন্সিল (এমসিসি) বেশ কিছু প্রস্তাব রেখেছে। ডিসিশন রিভিউ সিস্টেম (ডিআরএস) সময় ব্যয়ের অন্যতম কারণ হিসেবে উঠে আসায় সেক্ষেত্রে নটআউটের বিষয়টা পরিষ্কার হওয়ার সঙ্গে সঙ্গে রিভিউ থামানোর ডাক দেওয়া হয়েছে। পাশাপাশি, বিভিন্ন ক্ষেত্রে সময় বেঁধে দিয়ে অযথা সময়ব্যয় কমানোর পরিকল্পনা হয়েছে। ওভার শেষের পর স্কোরবোর্ডে ৪৫ সেকেন্ডের টাইমার চলবে পরের ওভার শুরুর জন্য। নতুন ব্যাটসম্যানের ক্রিজে নামার ক্ষেত্রেও বোলার পরিবর্তনের ক্ষেত্রে অবশ্য সময়ের ব্যবধানটা বেড়ে হবে যথাক্রমে ৬০ ও ৮০ সেকেন্ড। এই সময়ের ব্যবধান না মানলে সাবধান করার পর বিপক্ষ দলকে পেনাল্টি হিসেবে ৫ রান দেওয়ার কথা বলা হয়েছে। এদিকে, টেস্ট ক্রিকেটেও সীমিত ওভারের মতোই নো–বলের পর ফ্রি–হিট চালু করা হচ্ছে।

বিদায় জকোভিচ, ওসাকার

ক্যালিফোর্নিয়া, ১৩ মার্চ ঃ ইন্ডিয়ান ওয়েলস টেনিস টুর্নামেন্টে একই দিনে বিদায় নিলেন পুরুষ এবং মহিলা শীর্ষবাছাই। বিশ্বের এক নম্বর নোভাক জকোভিচকে হারিয়ে দিয়ে চমক দিলেন ফিলিপ কোলস্ক্রাইবার। অন্যদিকে, মহিলাদের সিঙ্গলসে বেলিন্দা বেনসিসের কাছে হারলেন নাওমি ওসাকা। সপ্তমবার অস্ট্রেলিয়ান ওপেন জেতার পর ইন্ডিয়ান ওয়েলসে নামেন জকো। সেখানে চতুর্থ রাউন্ড থেকেই বিদায় নিতে হল তাঁকে। সার্বিয়ান তারকাকে ফিলিপ হারালেন ৬–৪, ৬–৪ গেমে। ফিলিপ বলেছেন, 'এটা আমার সেরা মূহূর্ত। বিশ্বের এক নম্বর তারকার বিরুদ্ধে খেলাটা সবসময়ই কঠিন। জীবনের অন্যতম সেরা ম্যাচ হয়ে থাকবে।' জকোভিচের হারের দিনই জয় পেলেন রাফায়েল নাদাল। আর্জেন্টিনার দিয়াগো সোওয়ার্টজম্যানের বিরুদ্ধে খেলার ফল ৩–৬, ১–৬। নাদাল বলেন, 'এই ম্যাচটা অত্যন্ত কঠিন ছিল। তাই এই জয় অবশ্যই ইতিবাচক।'

শুরু অনুশীলন, প্রথম দিনে হাজির পাঁচ

ইডেনেই সব হোম ম্যাচ খেলার আশায় নাইটরা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মার্চ ঃ দ্বাদশ আইপিএলের বোধনের ঠিক দশ দিন আগে চূড়ান্ত প্রস্তুতিতে নেমে পড়ল কলকাতা নাইট রাইডার্স। আজ দুপুরে সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে অনুশীলন শুরু হয়ে গেল নাইটদের। কোচ জ্যাক কালিস বা অধিনায়ক দীনেশ কার্তিক এখনও কলকাতায় পৌঁছোননি। তবে রবিন উথাপ্পা, রিঙ্কু সিং, শুভমান গিল, পৃথ্বীরাজ ইয়ারা, শ্রীকান্ত মুন্ধে সহ মোট ৫ জন আজই নেমে পড়লেন অনুশীলনে। জানা গিয়েছে, দলের সহকারী কোচ সাইমন কাটিচ আজ রাতে কলকাতায় হাজির হচ্ছেন। কাল থেকে তিনিই অনুশীলনের তদারকি করবেন। আর কোচ কালিস সম্ভবত পরশু কলকাতায় আসবেন। তার আগে আজ নাইটদের প্রথম দিনের অনুশীলন পর্ব তদারকি করলেন দলের মেন্টরের দায়িত্বে থাকা প্রাক্তন ক্রিকেটার অভিষেক নায়ার।

প্রথমে সামান্য সময় ফিজিক্যাল ট্রেনিং। পরে নেটে ব্যাট–বল করেই আজ দুপুরে ঘণ্টা দুয়েকের অনুশীলন পর্ব সারলেন রবিন উথাপ্পারা। তাঁর সঙ্গে শুরুতে নেটে ব্যাট করতে দেখা গেল শুভমান গিলকে। দীর্ঘ সময় ব্যাট করার পাশে নানা চমকপ্রদ শটও খেলতে দেখা গেল তাঁদের। কিছু পরে রিঙ্কু সিংও একইভাবে নানান শট অনুশীলন করার চেষ্টা চালিয়ে গেলেন। তার মাঝেই নাইটদের প্রথম দিনের অনুশীলনে বল হাতে চমক হিসেবে হাজির হয়েছিলেন কেরালার সন্দীপ ওয়ারিয়ার। ডানহাতি এই পেসার এবারের ঘরোয়া মরশুমে দারুণ ফর্মে ছিলেন। সম্প্রতি সৈয়দ মুস্তাক আলি প্রতিযোগিতাতে কেরালার হয়ে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে হ্যাটট্রিকও করেছেন তিনি। এহেন সন্দীপ আজ দীর্ঘ সময় কেকেআরের নেটে বল করলেন। জানা গিয়েছে, এখনও সিদ্ধান্ত না হলেও কেরালার সন্দীপকে ২৩ মার্চ আইপিএল শুরুর আগে মূল স্কোয়াডে নিয়ে নেওয়ার ভাবনা রয়েছে নাইটদের অন্দরে। কোচ জ্যাক কালিস কলকাতায় পৌঁছোনোর পরই সিদ্ধান্ত চূড়ান্ত হবে বলে খবর। উল্লেখ্য, অতীতেও এভাবে কেকেআরের স্কোয়াডে নেওয়া হয়েছে প্রসিধ কৃষ্ণা, অরবিন্দ শ্রীনাথদের। এবার সন্দীপকে নিয়েও এমন সিদ্ধান্ত নাইটদের ম্যানেজমেন্ট নেয় কিনা, সেটাই দেখার।

যাদবপুর ইউনিভার্সিটির মাঠে রবীন উথাপ্পা ও শুভমান গিল। *ছবি ঃ ডি মণ্ডল*

এসবের মাঝে দেশের সাধারণ নির্বাচনের সময়ে ঘরের মাঠে সব ম্যাচ খেলার ব্যাপারে প্রবল আশাবাদী কেকেআর টিম ম্যানেজমেন্ট। মুম্বই থেকে নাইটদের সিইও ভেঙ্কি মাইসোর আজ সকালে কলকাতায় হাজির হয়ে দুপুরে লালবাজারে কলকাতা পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে আলোচনাও করেছেন। যদিও রাতপর্যন্ত কলকাতা পুলিশের তরফে ইডেনে কেকেআরের ম্যাচে নিরাপত্তা নিয়ে কোনো নিশ্চয়তা পাওয়ার খবর নেই। নাইটদের সিইও বলছেন, 'ঘরের মাঠ ইডেনেই সব ম্যাচ খেলার ব্যাপারে প্রবল আশাবাদী আমরা। স্থানীয় প্রশাসনের সঙ্গে আলোচনাও হয়েছে আমাদের। আগামী কয়েকদিনের মধ্যেই ছবিটা স্পষ্ট হয়ে যাবে।'

আদালতে ছুটল মিনার্ভা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মার্চ ঃ চেন্নাই–মিনার্ভা ম্যাচ নিয়ে ইস্টবেঙ্গলের অভিযোগের মাঝেই গোটা ঘটনায় নয়া মোড়। ওই ম্যাচে ম্যাচ কমিশনার বালাসুব্রমণিয়ম বায়রাপ্পার বিরুদ্ধে আদালতের দ্বারস্থ মিনার্ভা কর্ণাধার রঞ্জিত বাজাজ। বায়রাপ্পার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে চণ্ডীগড় আদালতে। একইসঙ্গে ম্যাচটি নিয়ে তদন্ত শুরু করেছেন ফেডারেশনের ইনটিগ্রিটি অফিসার জাভেদ সিরাজও।

এদিন চণ্ডীগড় থেকে ফোনে রঞ্জিত বাজাজ বলেন, 'ওই ম্যাচ কমিশনারের বিরুদ্ধে আমি ফৌজদারি মামলা করেছি। উনি যে অভিযোগ করেছেন তার প্রমাণ দিন, নাহলে জেল খাটুন। ম্যাচের পর উনি একরকম রিপোর্ট জমা দিলেন, তারপর বাইরে লোক খেপিয়ে তোলার জন্য অন্যরকম কথা বলছেন। এসবের প্রমাণ যদি ওর হাতেই থাকে তাহলে রিপোর্টে উল্লেখ করলেন না কেন? আমি এর শেষ দেখে ছাড়ব।' কিন্তু ইস্টবেঙ্গল দলও আইনি দিক খতিয়ে দেখছে ওই দিনের ম্যাচ গড়াপেটা হয়েছে এমন অভিযোগ করার জন্য। এই প্রসঙ্গ তুললে বাজাজ ব্যঙ্গ করে বলেন,

গড়াপেটা কাণ্ড

> ম্যাচ কমিশনার যে অভিযোগ করেছেন তার প্রমাণ দিন, নাহলে জেল খাটুন।
> –রঞ্জিত বাজাজ

'এটা ওদের স্বভাব। গতবছর আমাদের বিরুদ্ধে ও তার আগের বছর আইজলের বিরুদ্ধেও করেছিল। ওদের যদি পালটা প্রশ্ন করা হয়, নিজেরা কেন চেন্নাইয়ের কাছে ঘরে–বাইরে হেরে গিয়েছিল, তার কী উত্তর দেবে? ভেবে দেখুন আমি দশ নম্বর, আর আমাকে বলছে কেন ওদের হারাতে পারলাম না? অথচ নিজেরা দুটো ম্যাচে হেরে বসে রইল!'

এদিকে, এদিন জাভেদ সিরাজ জানালেন তিনি তদন্তের কাজ শুরু করেছেন। তবে ইস্টবেঙ্গল ক্লাবের তরফে সরকারিভাবে এখনও কোনো অভিযোগ জমা পড়েনি। সমর্থকদের কাছ থেকে নাকি অভিযোগ পেয়েছেন সিরাজ। তাঁর বক্তব্য, 'যেহেতু ফুটবলের বিশুদ্ধতা রক্ষা করা আমার দায়িত্বের মধ্যে পড়ে, তাই সমর্থকদের কাছ থেকে অভিযোগ এলেও আমাকে বিষয়টি খতিয়ে দেখতে হবে।' তিনি যাই বলুন না কেন, বিশাল কোনো অপরাধের চিহ্ন না পাওয়া গেলে আই লিগের ভাগ্য অপরিবর্তিতই থাকছে।



ইন্ডিয়ান ওয়েলসে জয়ের পর নাদাল।

মুস্তাক আলির নিয়মে বদল চান মনোজ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মার্চ ঃ হতাশ। বিরক্ত। একইসঙ্গে ক্ষুব্ধও।

মরশুম শেষে চুম্বকে এই হল বাংলা দলের অন্দরের ছবিটা। বিজয় হাজারে, রনজি ট্রফির পর মুস্তাক আলি প্রতিযোগিতাতেও একইভাবে দল ব্যর্থ হয়েছে। যদিও বিজয় হাজারে বা রনজির সঙ্গে মুস্তাক আলির ছবিটা সামান্য হলেও আলাদা। মহারাষ্ট্রের বিরুদ্ধে একটা খারাপ দিন বা ম্যাচ মনোজ তিওয়ারির বাংলার সর্বনাশ করে দিয়েছে। তাই গতকাল গুজরাটের বিরুদ্ধে শেষ ম্যাচে বড়ো ব্যবধানে জয়ের পরও মুস্তাক আলি থেকে বিদায় নিতে হয়েছে বাংলাকে। জয় দিয়ে মরশুম শেষের পর তাই নিজের ক্ষোভ আর গোপন করছেন না বাংলা অধিনায়ক মনোজ তিওয়ারি। সর্বভারতীয় টি২০ সম্প্রচারকারী চ্যানেলে গতকালের ম্যাচের পর সাক্ষাৎকার দিতে গিয়ে মুস্তাক আলির নিয়ম বদলের ডাক দিয়েছেন মনোজ। বলেছেন, 'মহারাষ্ট্র ম্যাচ বাদ দিলে মুস্তাক আলিতে খারাপ খেলিনি আমরা। সেদিন সকালে ম্যাচ ছিল। আর উইকেট ছিল ভিজে। যার ফলে আমাদের ব্যাটসম্যানদের শুরুতে ব্যাট করতে সমস্যা হয়েছে। তারপরও আমরা যেভাবে হেড টু হেডের বিচারে প্রতিযোগিতা থেকে বিদায় নিলাম, মানতে পারছি না। এই নিয়ম বদলের কথা ভাবা দরকার।' গত মরশুম থেকেই মুস্তাক আলি প্রতিযোগিতায় নেট রানরেটের আগে হেড টু হেড ম্যাচের অবস্থা দেখার নিয়ম চালু হয়েছে। যদিও এতদিন এই নিয়ম নিয়ে সরাসরি কেউ প্রশ্ন তোলেননি। তবে গতকাল বাংলা অধিনায়ক মুস্তাক আলি থেকে বিদায়ের পর যেভাবে পুরো বিষয় নিয়ে সরব হয়েছেন, তা তাৎপর্যের। যদিও মুস্তাক আলির হেড টু হেডের নিয়ম বদল নিয়ে বোর্ডের তরফে কোনো মন্তব্য করা হয়নি।

প্যাটেল–ক্লাবজোট আলোচনার সম্ভাবনা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ মার্চ ঃ খবর আগেই ছিল, সুপার কাপে খেলছে না আই লিগের বেশিরভাগ দল। এদিন কোয়েস ইস্টবেঙ্গল, মোহনবাগান এবং বাকি পাঁচটি দলের পক্ষে প্রেস বিবৃতি দিয়ে জানিয়ে দেওয়া হল যে তারা প্রতিবাদস্বরূপ অংশ নেবে না আগামী সুপার কাপে। কারণ হিসেবে বলা হয়েছে, আগামী আই লিগ নিয়ে স্বচ্ছতার অভাব। পাশাপাশি আলোচনার ইচ্ছাপ্রকাশ করলেও ফেডারেশনের পক্ষ থেকে বিষয়টিকে গুরুত্ব না দেওয়ার জন্যই এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে ক্লাবগুলি। মোহনবাগান, ইস্টবেঙ্গল ছাড়া বাকি পাঁচ দল চেন্নাই সিটি এফসি, মিনার্ভা পাঞ্জাব, গোকুলাম কেরল এফসি, আইজল এফসি এবং নেরোকা। আই লিগ যাতে গুরুত্বহীন হয়ে না পড়ে, তা নিশ্চিত করতে ও এফএসডিএলকে চাপে ফেলতে এই প্রতিবাদের পথে হেঁটেছে ক্লাবজোট। দুটো লিগকে মিলিয়ে দেওয়া অ্যাজেন্ডা কার্যকর করতে চায় তারা। চার্চিল শুরুতে এই জোটে থাকলেও আপাতত আগামী লোকসভা নির্বাচনের কথা ভেবেই সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। যেহেতু ফেডারেশন সভাপতি প্রফুল প্যাটেল ও আলেমাও চার্চিল এখন একই রাজনৈতিক দলের সদস্য, তাই চার্চিলের এই সিদ্ধান্ত বলে মনে করছে বাকি ক্লাব। এদিকে, শোনা যাচ্ছে, ক্লাবেদের এই জোরালো প্রতিবাদের ফলে খানিকটা হলেও চাপে ফেডারেশন। ভেতরের খবর, দ্রুত সময় বের করে ক্লাবগুলোর সঙ্গে আলোচনায় বসতে চলেছেন ফেডারেশন সভাপতি প্রফুল প্যাটেল। তবে ইস্টবেঙ্গলের কর্মকর্তা কল্যাণ মজুমদার, দেবব্রত সরকার সন্ধের পর কোয়েসের উলটো সুরে গাইতে শুরু করেছেন। তাঁদের বক্তব্য, সমর্থকরা তাঁদের কাছে সুপার কাপে খেলার দাবি জানিয়েছেন। যা তাঁরা অজিত আইজ্যাককে জানিয়েছেন। আলোচনা, দাবি থাকবেই। সমর্থকদের কথা ভেবেই খেলা চালিয়ে যেতে চান।

যদিও বিদেশে উড়ে যাওয়ার আগে প্রকাশ্যে সচিব কুশল দাস জানিয়ে গিয়েছেন, তারা এসব হুমকিকে গুরুত্ব দিচ্ছেন না, সেরকম হলে সুপার কাপ বন্ধ রাখা হবে। কিন্তু ক্লাবেদের হুমকির সামনে মাথা নোয়ানো হবে না। সবমিলিয়ে মরশুম শেষের আগে রীতিমতো সরগরম ভারতীয় ফুটবল।

আজ শুনানি সুপ্রিমকোর্টে

নয়াদিল্লি, ১৩ মার্চ ঃ সমাধানসূত্র পাওয়া যায়নি এখনও। অপেক্ষা দীর্ঘ হচ্ছে। ভারতীয় ক্রিকেট প্রশাসনের ভবিষ্যৎ নিয়েও চলছে নানা আলোচনা ও জল্পনা। তার মধ্যেই কাল দুপুরে দেশের সর্বোচ্চ আদালতে রাজ্য ক্রিকেট সংস্থাগুলির দাখিল করা নানা অভিযোগ ও সমস্যা নিয়ে শুনানি হতে চলেছে। তিন সপ্তাহ আগে শেষ শুনানির দিন বিচারপতি এসএ বোবডে ও অভয় মনোহর সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত অফিসার রবি থোডগেকে সিওএ–র তৃতীয় সদস্য হিসেবে মনোনীত করেছিলেন। ওম্বুডসম্যান নিয়োগেও সেদিন সরকারি সিলমোহর পড়েছিল।

কিন্তু কাল সুপ্রিমকোর্টে কী হবে? তা নিয়ে ইতিমধ্যেই ভারতীয় ক্রিকেট প্রশাসনের অন্দরে আগ্রহ তৈরি হয়েছে। রাজ্য ক্রিকেট সংস্থাগুলির দাখিল করা 'ক্ল্যারিফিকেশনের' শুনানির ব্যাপারে দেশের সর্বোচ্চ আদালত শেষপর্যন্ত কী স্টান্স নেয়, সেটাই দেখার। দেশের রাজ্য ক্রিকেট সংস্থাগুলির অন্যতম 'পার্টি' হল সিএবি। যেখানে প্রাক্তন ক্রিকেটারদের ভোটদানের অধিকার নিয়ে ইতিমধ্যেই পরিস্থিতি জটিল হয়ে রয়েছে। ফলে সৌরভ গঙ্গোপাধ্যায়ের সংস্থাও কাল সাগ্রহে সুপ্রিমকোর্টের দিকে তাকিয়ে থাকবে।

নারকেল গাছের ব্যাটে হাতেখড়ি লারার

দুবাই, ১৩ মার্চ ঃ শৈশবের স্মৃতি উসকে দিলেন ক্রিকেটের রাজপুত্র চার্লস ব্রায়ান লারা। আর পাঁচজন ক্যারিবিয়ান ক্রিকেটারের মতোই নারকেল গাছ কেটে তৈরি ব্যাটেই ক্রিকেটে হাতেখড়ি হয়েছিল তাঁরও। সাক্ষাৎকারে প্রাক্তন ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক বলেছেন, 'আমার বয়স যখন চার, তখন দাদা নারকেল গাছ কেটে তৈরি একটি ব্যাট আমাকে দেন। সেটা নিয়েই প্রথম ক্রিকেট খেলতে শুরু করি।' টেস্ট এবং একদিনের ক্রিকেটে দশ হাজারের উপর রান করা লারার কথাতে উঠে এসেছে গলি ক্রিকেটের প্রসঙ্গ। তাঁর বক্তব্য, 'আমি মাঠে খেলার আগে গলিতে এবং সিমেন্টের বাঁধানো উঠোনেও খেলেছি। আমার খেলাটাই ছিল আসল, পিচের ধরনটা নয়।' একইসঙ্গে তাঁর সংযোজন, 'ক্রিকেট ছাড়াও একটা সময় ফুটবল, টেবল টেনিস খেলেছি। মূলত বাবার অনুপ্রেরণাতেই ফুটবল ছেড়ে পুরোপুরি ক্রিকেটে চলে আসি। প্রতিকূলতার জন্য পেশাদার ক্রিকেটার হয়ে ওঠা হয়নি বাবার। তাঁর স্বপ্নকে বাস্তবায়িত করাই ছিল আমার একমাত্র লক্ষ্য।'

পুত্র রত্নর সঙ্গে কুস্তিগির যোগেশ্বর দত্ত।

খেতাবের কাছে সাঁ জাঁ

প্যারিস, ১৩ মার্চ ঃ চ্যাম্পিয়ন্স লিগে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের বিরুদ্ধে হারের ধাক্কা কাটিয়ে লিগ ওয়ানে জয়ের সরণিতে ফিরল প্যারিস সাঁ–জাঁ। মঙ্গলবার রাতে ফরাসি লিগের ম্যাচে দিজঁকে ৪–০ গোলে উড়িয়ে দিল পিএসজি।

ম্যাচের সাত মিনিটে ডি মারিয়ার কর্নার থেকে গোল করেন ব্রাজিলিয়ান ডিফেন্ডার মার্কুইনহোস। প্রথমার্ধ শেষ হওয়ার আগেই ব্যবধান ২–০ করেন এমবাপে। এই নিয়ে টানা পাঁচ ম্যাচে গোল পেলেন ফরাসি তারকা ফুটবলার। এরপর গোটা দ্বিতীয়ার্ধ জুড়ে ম্যাচে আধিপত্য বজায় রাখে টমাস টুচেলের দল। ৫০ মিনিটে দুরন্ত ফ্রিকিকে স্কোরলাইন ৩–০ করেন ডি মারিয়া। ২২ গজ দূর থেকে দর্শনীয় গোল করলেন আর্জেন্টাইন ফুটবলার। ম্যাচের অতিরিক্ত সময়ে দিজঁর কফিনে শেষ পেরেকটি পুঁতে দেন ডি মারিয়ার পরিবর্ত হিসাবে নামা ক্যামেরুনের স্ট্রাইকার ম্যাক্সিস চুপো। ২৭ ম্যাচে ৭৪ পয়েন্ট নিয়ে লিগের শীর্ষস্থান আরও মজবুত করল গতবারের চ্যাম্পিয়নরা। ম্যাচ জয়ের পর পিএসজি কোচ বলেছেন, 'আমরা লিগ খেতাব জয়ের দিকে ক্রমশ এগোচ্ছি। খেতাব জয়ই আমাদের একমাত্র লক্ষ্য। সমর্থকরা আমাদের সবসময়ই চ্যাম্পিয়ন হিসাবে দেখতে চায়।' একইসঙ্গে চ্যাম্পিয়ন্স লিগ থেকে বিদায়ের প্রসঙ্গে টুচেল বলেন, 'আমরা অবশ্য ফলাফলকে মেনে নিচ্ছি। তবে দলের আত্মবিশ্বাসে একটুও চিড় ধরেনি।'

অনুষ্ঠান নানা চ্যানেলে

সঞ্চারী কি একান্নবর্তী পরিবারের সবার মন জয় করতে পারবে?
একা নয় একান্নবর্তী সন্ধে ৭.৩০ আকাশ আট

খেলা

উয়েফা ইউরোপা লিগ

সোনি টেন ওয়ান ঃ রাত ১১.২৫ রেড বুল বনাম নাপোলি। রাত ১.৩০ বেনফিকা বনাম ডায়নামো জ্যাগরেব। **সোনি টেন টু ঃ** রাত ১১.২৫ ডায়নামো কেওয়াইফোর বনাম চেলসি। রাত ১.৩০ আর্সেনাল বনাম রেনেঁ। **সোনি টেন থ্রি ঃ** রাত ১১.২৫ ভিয়ারিয়াল বনাম জেনিত। **সোনি সিক্স ঃ** রাত ১১.২৫ এফসি ক্রাশনোডার বনাম ভ্যালেন্সিয়া। রাত ১.৩০ ইন্টারমিলান বনাম এইনট্রখট।

(ম্যাচগুলি দেখুন সরাসরি)

ডিডি বাংলা ঃ সকাল ৭.০০ সকাল সকাল, ৮.০০ স্বর্ণযুগের গান, ১০.৩০ সাঁওতালি অনুষ্ঠান, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রান্না, বিকেল ৩.০২ সুস্বাস্থ্য, ৪.৩০ কেরিয়ার প্লাস, ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.০০ সংবাদ একনজরে, ৬.০২ ক্লোজ আপ, ৭.৩০ মুশকিল আসান, রাত ৮.৩০ ছায়াছবির গান, ৯.০৫ কথায় কথায়, ১০.০০ সংবাদ প্রবাহ



ওয়ান্টেড
রাত ৮টা অ্যান্ড পিকচার্স



জাঙ্গল কুইনস রাত ৮টা ন্যাট জিও ওয়াইল্ড

লাভেরিয়া
রাত ৮টা
জলসা মুভিজ

ডিডি বাংলা ঃ বেলা ১১.০৫ পরিণতি
আকাশ আট ঃ দুপুর ২.০৫ সমাধান
কালার্স বাংলা ঃ সকাল ৮.০০ কে তুমি, দুপুর ২.০০ আমার মা
জলসা মুভিজ ঃ সকাল ১০.১৫ আওয়ারা, দুপুর ১.৩৫ সাথী, বিকেল ৪.৫৫ সাথী আমার বন্ধু আমার, রাত ৮.০০ লাভেরিয়া, ১১.১৫ সেদিন দেখা হয়েছিল
জি বাংলা সিনেমা ঃ সকাল ১০.০৫ কলি, দুপুর ১.০০ জীবন সাথী, বিকেল ৪.০০ অভাগিনী, সন্ধে ৭.০০ সুন্দর বউ, ১০.০০ চ্যাম্প
স্টার গোল্ড ঃ সকাল ১০.৪০ অ্যাকশন জ্যাকসন, দুপুর ১.৫০ সিংহম, বিকেল ৪.৫৫ সিংহম রিটার্নস, রাত ৮.০০ গোলমাল এগেইন, ১১.১৫ মিঃ অ্যান্ড মিসেস খিলাড়ি
ইউটিভি মুভিজ ঃ সকাল ১০.৪৫ বর্ডার, দুপুর ২.১০ আখিয়োঁ সে গোলি মারে, বিকেল ৫.১৫ সুপার হিরো শাহেনশা, রাত ৮.৩০ দিল হ্যায় কি মানতা নেহি, ১২.০০ রিফিউজি
মুভিজ নাও ঃ বেলা ১১.৫০ দ্য লিভিং ডে লাইটস, দুপুর ২.০০ কুং ফু কিলার, বিকেল ৩.৪৫ ব্রেভ, বিকেল ৫.৩৫ দ্য হবিট, রাত ৯.০০ ওয়ারক্রাফট।